1

# মিনির খোঁজে আমি!



0124CH01



## এসো আমরা সবাই মিলে গান গাই




এদিক ওদিক সেদিক,
আমি খুঁজে বেড়াই চারিদিক
মিনি গেলো যে কোথায়
তার নেই ঠিক।



মিনি তুই গেলি কোথায়?
**বসে** আছিস কি তুই জানালার চালায়?



মিনি তুই গেলি কোথায়?
ঘুমিয়ে আছিস কি তুই খাটের **তলায়**?




এদিক ওদিক সেদিক,
আমি খুঁজে বেড়াই চারিদিক
মিনি গেলো যে কোথায়
তার নেই ঠিক।
ওরে মিনি!
**লুকিয়ে** আছিস কি
তুই আমার ঝোলায়?





মিনি তুই গেলি কোথায়?
**বসে** আছিস কি তুই লাল আলনায়?

not to be republished

আয়রে মিনি আয়
আমার কাছে আয়।
এ কি দেখি!
মিনি **কাঁচের** বয়ামে আঁচড়
দেয়।
এই দেখি মিনি গাড়ির মাথায়।
আয়রে মিনি আয়
আমার কাছে আয়।







আয়রে মিনি আয়
আমার কাছে আয়।
এই যে দেখি মিনি আমার টুপির
মাথায় লাফায়।

এ কি দেখি! মিনি লুকিয়ে
মাদুরের তলায়!
আয় রে আয় মিনি
এবার আমার কাছে আয়।

ছড়াটা জোরে পড়ুন। বাচ্চাদের পড়তে এবং করে দেখাতে বলুন। ছবি দেখিয়ে আলোচনা করুন শ্রেণিকক্ষে কোন জিনিষ কোথায় আছে - ওপরে, নিচে, সামনে, পেছনে, ভিতরে, বাইরে ইত্যাদি - জিজ্ঞেস করুন। ছাত্র ছাত্রীদের উৎসাহ দিন অন্যান্য পশু যেমন কুকুর, বিড়াল, গরু ইত্যাদি বিষয় আলোচনা করতে।



© NCERT not to be republished

## কবিতার ছবি দেখে, সঠিক শব্দটি চিহ্নিত করো।

1: লাল বল বিছানার **উপরে/ নীচে /উপরে**।
2: বিড়াল গাড়ির **ভিতরে/বাইরে/উপরে** থাকে।
3: লোকটি গাছের **নিচে/ভিতরে/তে শুয়ে** আছে।
4: গরু বাড়ির **ভিতরে/উপরে/বাইরে** থাকে।

## ভেবে উত্তর দাও


1: তোমার জুতো কোথায় রাখো? ঘরের ভিতরে না বাইরে?
2: জঞ্জাল কোথায় রাখো? বালতির ভিতরে না বাইরে?

## চলো খেলায় খেলায় জিনিষ খুঁজি

বাচ্চাদের দুই দলে ভাগ করুন। প্রথম দল কে বলুন সাদা চক, লাল বল, ইত্যাদি লুকোতে এবং দ্বিতীয় দল কে বলুন জিনিসগুলো খুঁজতে। প্রথম দল দ্বিতীয় দলকে ইঙ্গিত করতে পারে যে জিনিষগুলো কোথায় আছে - ওপর, নিচে, কাছে, দূরে, ভিতরে, বাইরে, সামনে, পিছনে ইত্যাদি

উদাহরণস্বরূপ:

- একটি সাদা জিনিস যা লুকানো আছে বোর্ডের **কাছে** এবং টেবিলের **নীচে**।
- একটি লাল জিনিস লুকানো আছে শ্রেণিকক্ষের **বাইরে** আর গাছের **নিচে**।



© NCERT not to be republished



## চলো বল নিয়ে খেলি


প্রতিটি বাচ্চা লক্ষ্য স্থির করে বলটি বাস্কেটের ভিতর ফেলবে। যদি বলটি ভিতরে যায়, অন্য শিশুরা **‘ইন’** বলবে এবং যদি বলটি বাস্কেটের বাইরে যায়, তারা **‘আউট’** বলবে।






## আমরা সবাই করি

ক) যা ভিতরে ✓ আছে তা চিনহিত করো







প্রত্যেকটি বাচ্চা তাদের ভিন্ন ভিন্ন সক্ষমতা সত্ত্বেও যেনো যোগ দেওয়ার সুযোগ পায় কার্যকলাপ এমন ভাবে বেছে নেওয়া উচিত। যেমন , একটা ঘুঙুর যদি একটি বলের গায়ে আটকে দেওয়া হয় এবং বাস্কেটের ভিতরের আর বাইরের পৃষ্ঠতল ভিন্ন ভিন্ন বস্তু দিয়ে যদি তৈরি করা হয়, তাহলে বলটি ভিতরে পড়লে এক রকম শব্দ হবে আর বাইরে পড়লে আরেকরকম শব্দ হবে।



© NCERT not to be republished

খ) যে জিনিসগুলো বাইরে, সেইগুলো চিনহিত করো টিক ✓ চিনহ দিয়ে।





গ) চিত্র দেখে সঠিক শব্দ চিনহিত করো, টিকচিহ্ন ✓ দিয়ে।

1) ছেলেটা গাছের **নিচে/ওপরে** বসে আছে।

2) পাখিগুলো গাছের **নিচে/ওপরে** বসে আছে।



ঘ) নাকের নিচে হাসি এবং চোখের ওপর ভুরু আঁকো।



© NCERT not to be republished

ঙ) আমাদের জাতীয় পতাকা কে তিরঙ্গা বলা হয়। কতগুলো রং আছে এই *পতাকাতে?*

সঠিক উত্তর চিনহিত ✓ করো

1) *তিরঙ্গার* **শীর্ষে** কোন রঙ?

**গোলাপী/গেরুয়া/সবুজ**

2) *তিরাঙ্গায়* সাদা রঙের **নিচে** কোন রঙ?

**গোলাপী/গেরুয়া/সবুজ**

3) তিরঙ্গায় অশোক চক্র কোথায়?

**গোলাপী/গেরুয়া/সবুজ**

4) তিরঙ্গায় অশোক চক্র কোথায়?

**এক কোণে/মাঝখানে/একপাশে**



© NCERT not to be republished

শিশুদের সাথে আলোচনা করুন কখন, কোথায় এবং কেন আমরা জাতীয় পতাকা উত্তোলন করি। বাচ্চাদের জাতীয় উদযাপনগুলি সম্পর্কে তাদের অনুভূতি প্রকাশ করতে দিন। বাচ্চাদের নিজেদের তিরঙ্গা বানাতে বলুন। তিরাঙ্গার দিকে মুখ করে দাঁড়িয়ে জাতীয় সঙ্গীত গাইতে অনুপ্রাণিত করুন।

## ছুক ছুক ছুক ছুক চলে রেল গাড়ী

রেল গাড়ী রেল গাড়ী ছুক ছুক ছুক ছুক চলে রেল গাড়ী।
রেল গাড়ী রেল গাড়ী ছুক ছুক ছুক ছুক চলে রেল গাড়ী ।
কখনো পাহাড়ের ওপরে
কখনো ক্ষেতের মাঝে
ছুক ছুক ছুক ছুক চলে রেল গাড়ী ।
**আমার** বগির আগে বগি,
আমার বগির **পর** বগি,
যেনো একটা মালার মতো,
চলে রেল গাড়ী।
রেল গাড়ী রেল গাড়ী
ছুক ছুক ছুক ছুক চলে রেল গাড়ী।
কখনো নদীর ওপরে
কখনো বৃষ্টিতে ভিজে
ছুক ছুক ছুক ছুক
চলে রেল গাড়ী।
রেল গাড়ী রেল গাড়ী
ছুক ছুক ছুক ছুক চলে রেল গাড়ী।



1) ইঞ্জিনের **পর** কটা বগি আছে?
2) লাল বগির **আগে** কটা বগি আছে?
3) লাল বগির **পরের** বগিগুলো **কমলা** রঙ দিয়ে ভরো।
4) লাল বগির **আগের** বগিগুলো **নীল** রঙ দিয়ে ভরো।

বাচ্চাদের তাদের রেল ভ্রমণের অভিজ্ঞতা বলতে বলুন। যারা ট্রেনে ভ্রমণ করেনি তারা রেল যাত্রা সম্পর্কে প্রশ্ন করতে পারে। তাদের "রেল গাড়ী কী" এটা বুঝতে সাহায্য করুন। তাদের কাগজে একটি ট্রেন আঁকতে বলুন অথবা একটি ট্রেন ব্যবহৃত বাক্স বা কেন দিয়ে তৈরি করতে বলুন।



© NCERT not to be republished

## চলো খেলি

বাচ্চারা ছড়া বলে খেলা করবে। এই খেলাতে তারা একে অপরের কাঁধ ধরে একটা রেল গাড়ী তৈরি করবে। সবাই বলবে তার আগে কে এবং তার পরে কে।




সুওয়ালী আর রোহিত কিছু জিনিসের দল তৈরি করছে।





এই ভাবেই বাচ্চাদের বিভিন্ন জিনিস যেমন বীজ, পাতা, পুঁতি, ইত্যাদি আলাদা আলাদা করতে বলুন

© NCERT not to be republished

## চলো আমরা করি

সুবালি বোতামগুলোকে তিন ভাগে ভাগ করেছে।



সুবালি কেন এই ভাগটা করলো?

সুবালিকে বোতামগুলো এঁকে অন্যভাবে ভাগ করতে সাহায্য করো

© NCERT not to be republished

## প্রকল্পের কাজ

বাচ্চাদের শ্রেণিকক্ষের আলমারি সাজাতে বলুন। অবস্থানগত শব্দভান্ডার ব্যবহার করে তাদের বলুন সেখান বস্তুগুলো কীভাবে সাজানো হবে।যেমন নীচের তাকে দুটি বস্তু রাখুক, উপরের তাকে একটি বস্তু রাখুক, ইত্যাদি।